**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 4/5/2021 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

# গভর্নর কুওমো স্টেটের টিকাদান কর্মসূচী সম্পর্কে নিউ ইয়র্কবাসীদের হালনাগাদ তথ্য প্রদান করেছেন

***117,418 ডোজ গত 24 ঘণ্টায় দেওয়া হয়েছে***

***গত সাত দিনে 1.4 মিলিয়নেরও বেশি ডোজ দেওয়া হয়েছে***

***নিউ ইয়র্কবাসীদের 3 জনের মধ্যে 1 জন অন্তত একটি ডোজ পেয়েছে***

***প্রতি 5 জনের মধ্যে 1 জন এখন পুরোপুরি টিকা প্রাপ্ত***

***স্টেটের টিকা কর্মসূচি সম্পর্কে আপডেট তথ্য প্রদান করতে টিকা ড্যাশবোর্ড প্রতিদিন আপডেট করা হবে; ny.gov/vaccinetracker এ যান***

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ স্টেটের টিকাদান কর্মসূচি সম্পর্কে নিউ ইয়র্কবাসীদের হালনাগাদ তথ্য প্রদান করেছেন। গত 24 ঘণ্টায় নিউ ইয়র্কের বিশাল বিতরণ নেটওয়ার্ক জুড়ে 117,418টি ডোজ দেওয়া হয়েছে এবং গত সাত দিনে 1.4 মিলিয়নেরও বেশি ডোজ প্রদান করা হয়েছে।

"আমরা যখন 16 বছরের বেশি বয়সের সমস্ত নিউ ইয়র্কবাসীদের কাছে যোগ্যতা সম্প্রসারণের প্রস্তুতি নিচ্ছি, তখন নিউ ইয়র্কের টিকাকরণ কর্মসূচি COVID-19 মহামারীকে চিরতরে পরাজিত করার জন্য পুরো দমে এগিয়ে চলেছে। আমরা রাজ্যের চারপাশে নতুন টিকাকরণ সাইট খুলছি এবং ভবিষ্যতে সরবরাহ বৃদ্ধির জন্য প্রস্তুতি নিচ্ছি," **গভর্নর কুওমো বলেন।** "এটা গুরুত্বপূর্ণ যে বাসিন্দাগণ এবং তাদের পরিবারগুলি অন্তর্বর্তীকালীন সময়ে নিরাপদ আচরণ অনুশীলন চালিয়ে যান যখন আরও বেশি সংখ্যক মানুষ টিকা গ্রহণ করবেন। 10 মিলিয়নেরও বেশি নিউ ইয়র্কবাসী প্রথম ডোজ পেয়েছেন এবং আমরা এখন থামছি না, তবে সমস্ত নিউ ইয়র্কবাসীদের জন্য সুরক্ষার একটি আরামদায়ক স্তরে পৌঁছতে আমাদের অনেক পথ যেতে হবে।"

নিউ ইয়র্কের বিশাল বিতরণ নেটওয়ার্ক ও যোগ্য ব্যক্তিদের বৃহৎ জনসংখ্যা ফেডারেল সরকার থেকে আসা টিকার সরবরাহের চেয়ে এখনো বহু গুণ বেশি। সীমিত সরবরাহের কারণে, নিউ ইয়র্কবাসীদের ধৈর্য ধরতে উৎসাহিত করা হচ্ছে এবং কোনো অ্যাপয়েন্টমেন্ট ছাড়া টিকাদান সাইটে উপস্থিত না হওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে।

কোমর্বিডিটি এবং অন্তর্নিহিত অবস্থাযুক্ত ব্যক্তিদের জন্য 'Am I Eligible (আমি কি যোগ্য)' স্ক্রিনিং টুলটি আপডেট করা হয়েছে এবং তার সাথে পরবর্তী সপ্তাহগুলিতে রোলিং ভিত্তিতে নতুন অ্যাপয়েন্টমেন্ট প্রকাশ করা হবে। নিউ ইয়র্কবাসীরা নিম্নলিখিতগুলি ব্যবহার করতে পারেন তাদের যোগ্যতা দেখানোর জন্য:

- চিকিৎসকের চিঠি, অথবা
- চিকিৎসা সংক্রান্ত তথ্য যা কমোর্বিডিটির প্রমাণ দেয়, অথবা
- স্বাক্ষরিত প্রত্যয়নপত্র

নিচের টিকাদান কর্মসূচির সংখ্যাগুলি স্টেটের টিকাদান কর্মসূচির জন্য নিউ ইয়র্কে বন্টন এবং বিতরণ করা ডোজের সংখ্যা এবং ফেডারেল সরকারের দীর্ঘমেয়াদী পরিচর্যার ফেসিলিটির কর্মসূচির (Long Term Care Facility program) জন্য সংরক্ষিত ডোজ অন্তর্ভুক্ত করে না। আজ সকাল 11টা পর্যন্ত নিউ ইয়র্ক স্টেটে রিপোর্ট করা সংখ্যাগুলির উপর ভিত্তি করে তথ্যগুলির বিশদ বিবরণ নিম্নরূপ।

**রাজ্যব্যাপী বিশদ তথ্য**
প্রদান করা মোট ডোজগুলি - 10,480,155
গত 24 ঘন্টায় মোট 117,418 ডোজ প্রদান করা হয়েছে
গত 7 দিনে প্রদান করা মোট ডোজ - 1,423,185
নিউ ইয়র্কবাসীদের শতকরা পরিমাণ যারা অন্তত একটি টিকার ডোজ পেয়েছেন - 33.3%
নিউ ইয়র্কবাসীদের শতকরা পরিমাণ যারা সম্পূর্ণ টিকার সিরিজ পেয়েছেন - 20.7%

| | **অন্তত একটি টিকার ডোজ নেওয়া ব্যক্তি** | | **সম্পূর্ণ টিকার সিরিজ সহ মানুষ** | |
|---|---|---|---|---|
| **অঞ্চল** | **ক্রমসঞ্চিত মোট** | **গত 24 ঘন্টায় বৃদ্ধি** | **ক্রমসঞ্চিত মোট** | **গত 24 ঘন্টায় বৃদ্ধি** |
| Capital Region | 397,755 | 3,756 | 256,381 | 4,239 |
| Central New York | 342,384 | 2,795 | 231,664 | 3,291 |
| Finger Lakes | 413,113 | 2,664 | 258,501 | 3,200 |
| Long Island | 813,457 | 7,452 | 454,457 | 3,296 |
| Mid-Hudson | 679,788 | 7,174 | 383,255 | 5,650 |
| Mohawk Valley | 171,116 | 1,108 | 112,667 | 911 |
| New York City | 2,989,685 | 32,848 | 1,902,115 | 32,270 |
| North Country | 177,133 | 608 | 130,032 | 1,030 |

| | | | | |
|---|---|---|---|---|
| Southern Tier | 222,540 | 2,419 | 140,197 | 5,135 |
| Western New York | 440,249 | 2,732 | 264,578 | 3,026 |
| স্টেটজুড়ে/সমগ্র স্টেটে | 6,647,220 | 63,556 | 4,133,847 | 62,048 |

| | **নিউ ইয়র্কের প্রদানকারীদের সম্পূর্ণভাবে 1ম ডোজ সরবরাহ করা হয়েছে** | **নিউ ইয়র্কের প্রদানকারীদের সম্পূর্ণভাবে 2য় ডোজগুলি সরবরাহ করা হয়েছে** | **মোট** | **ক্রমসঞ্চিত** |
|---|---|---|---|---|
| **সপ্তাহ 1 ডোজ আসছে 12/14 – 12/20** | 163,650 | 0 | 163,650 | 163,650 |
| **সপ্তাহ 2 ডোজ আসছে 12/21 – 12/27** | 452,125 | 0 | 452,125 | 615,775 |
| **সপ্তাহ 3 ডোজ আসছে 12/28 – 01/03** | 227,395 | 0 | 227,395 | 843,170 |
| **সপ্তাহ 4 ডোজ আসছে 01/04 – 01/10** | 239,025 | 165,150 | 404,175 | 1,247,345 |
| **সপ্তাহ 5 ডোজ আসছে 01/11 – 01/17** | 221,315 | 119,925 | 341,240 | 1,588,585 |
| **সপ্তাহ 6 ডোজ আসছে 01/18– 01/24** | 250,400 | 462,395 | 712,795 | 2,301,380 |
| **সপ্তাহ 7 ডোজ আসছে 01/25 – 01/31** | 260,150 | 239,525 | 499,675 | 2,801,055 |
| **সপ্তাহ 8 ডোজ আসছে 02/01 – 02/07** | 321,850 | 220,720 | 542,570 | 3,343,625 |
| **সপ্তাহ 9** | 320,000 | 244,500 | 564,500 | 3,908,125 |

| | | | | |
|---|---|---|---|---|
| **ডোজ আসছে 02/8 – 02/14** | | | | |
| **সপ্তাহ 10 ডোজ আসছে 2/15 – 2/21** | 356,990 | 265,525 | 622,515 | 4,530,640 |
| **সপ্তাহ 11 ডোজ আসছে 2/22 – 2/28** | 393,530 | 305,780 | 699,310 | 5,229,950 |
| **সপ্তাহ 12 ডোজ আসছে 03/01 – 03/07** | 1,020,660 | 290,500 | 1,311,160 | 6,541,110 |
| **সপ্তাহ 13 এর ডোজ আসছে 03/08 – 03/14** | 618,880 | 526,415 | 1,145,295 | 7,686,405 |
| **সপ্তাহ 14 এর ডোজ আসছে 03/15 – 03/21** | 699,790 | 584,775 | 1,284,565 | 8,970,970 |
| **সপ্তাহ 15 এর ডোজ আসছে 03/22 – 03/28** | 828,000 | 737,080 | 1,565,080 | 10,536,050 |
| **সপ্তাহ 16 এর ডোজ আসছে 03/29 – 04/04** | 819,800 | 569,905 | 1,389,705 | 11,925,755 |

যে সকল নিউ ইয়র্কবাসী যোগ্যতা নির্ধারণ করতে এবং স্টেট পরিচালিত একটি গণ টিকাদান সাইটে অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণ করতে চান, তারা 'আমি কি যোগ্য (Am I Eligible)' ওয়েবসাইটি ভিজিট করতে পারেন। নিউ ইয়র্কবাসীগণ অতিরিক্ত তথ্যের জন্য এবং অ্যাপয়েন্টমেন্টের জন্য স্থানীয় স্বাস্থ্য বিভাগ, ফার্মেসি, ডাক্তার বা হাসপাতালে অথবা যেখানে টিকা উপলভ্য আছে সেখানে কল করতে পারেন।

COVID-19 টিকা ট্র্যাকার ড্যাশবোর্ড COVID-19 টিকা বিতরণ সম্পর্কে নিউ ইয়র্কবাসীদের হালনাগাদ তথ্য প্রদানের জন্য উপলভ্য। নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগ (New York State Department of Health) 24 ঘন্টার মধ্যে সকল COVID-19 টিকা প্রদানের তথ্য রিপোর্ট করার জন্য টিকা প্রদানের ফ্যাসিলিটি প্রয়োজন; স্টেটের টিকাদান প্রচেষ্টার সবচেয়ে হালনাগাদকৃত মেট্রিক্স প্রতিফলিত করতে ড্যাশবোর্ডে টিকাদানের তথ্য প্রতিদিন আপডেট করা হয়।

যে সকল নিউ ইয়র্কবাসী টিকা বিতরণ প্রক্রিয়ায় জালিয়াতি সন্দেহ করেন তারা এখন 833-VAX-SCAM (833-829-7226) টোল-ফ্রি নম্বরে কল করতে পারেন অথবা STOPVAXFRAUD@health.ny.gov এ স্টেটের স্বাস্থ্য বিভাগকে ইমেল করতে পারেন। স্টেট পুরোপুরি যোগ্য জনগণকে টিকা দেওয়ার জন্য কাজ করে বলে নিউ ইয়র্ককারীদের সুবিধা নেওয়া হচ্ছে না তা নিশ্চিত করার জন্য হটলাইনের কর্মীরা উপযুক্ত তদন্তকারী এজেন্সিগুলিতে অভিযোগের দিকে নজর রাখবেন।

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন